

ডেট্রয়েট এয়ার কোয়ালিটি রিপোর্ট: সংক্ষিপ্তসার



EGLE

U.S. এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি ও দ্য মিশিগান ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্ট, গ্রেট লেকস, অ্যান্ড এনার্জি, গ্রেটার ডেট্রয়েট এলাকা থেকে পাওয়া বায়ু পর্যবেক্ষণ তথ্য বিশ্লেষণ করেছে। এজেন্সিগুলি অক্টোবর 29, 2024 তারিখে একটি রিপোর্ট প্রকাশ করেছে, যাতে অন্তর্ভুক্ত রয়েছে:

- গ্রেটার ডেট্রয়েট এলাকার সেইসব জায়গা যেখানে নিয়ন্ত্রিক বায়ু পর্যবেক্ষণ কেন্দ্রগুলি EGLE দ্বারা পরিচালিত হয়;
- গ্রেটার ডেট্রয়েট এলাকা থেকে নেওয়া বায়ুর মান পর্যবেক্ষণের ডেটার সংক্ষিপ্তসার;
- সময়ের সাথে সাথে বাতাসের মান কিভাবে বদলেছে;
- পরিমাপ করা দৃষ্টক পদার্থগুলির তথ্য;
- দৃষ্টক পদার্থগুলির সংস্পর্শের ফলে স্বাস্থ্যের উপর সম্ভাব্য প্রভাব; এবং
- EPA ও EGLE ওয়েবসাইটে কিভাবে বাস্তব সময়ে বাতাসের মান সংক্রান্ত তথ্য জানতে পারা যাবে।

উদ্দেশ্য:

যু দৃষ্টণ ও স্বাস্থ্যের উপর তার সম্ভাব্য প্রভাব সম্পর্কে বোঝা এবং বায়ুর মান সংক্রান্ত তথ্য জানার সুবিধা থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। এই তথ্যের সাহায্যে কমিউনিটি সদস্যরা অবগত থাকতে পারবেন, সিদ্ধান্ত নিতে পারবেন এবং বাতাসের মান উন্নত করার ব্যবস্থা করতে পারবেন ও বায়ু দৃষ্টণের সংস্পর্শ করাতে পারবেন। বায়ুর মান পর্যবেক্ষণ করার কিছু সীমাবদ্ধতা রয়েছে, যেমন স্থানীয় বায়ু দৃষ্টণ "হটস্পট" শনাক্ত করার সীমিত ক্ষমতা। হটস্পট হল এমন জায়গা যেখানে পর্যবেক্ষণের স্থানের তুলনায় উচ্চমাত্রার বায়ু দৃষ্টণ ঘটতে দেখা যায়। এছাড়া, নির্দিষ্ট কোণও কোম্পানি নিয়ম মেনে কাজ করছে কিনা তা বোঝার জন্যেও বাতাসের মানের পর্যবেক্ষণ খুব একটা উপযোগী হয় না। রেগুলেটরি এয়ার মনিটরগুলি আঞ্চলিকভাবে বাতাসের মানের হিসাব রাখার জন্য ব্যবহার করা হয়।

উপলব্ধ ডেটায় দেখা যাচ্ছে যে ডেট্রয়েট এলাকা জুড়ে বায়ু দৃষ্টকগুলির মাত্রায় তারতম্য থাকলেও, বিগত দুই দশকে বায়ু দৃষ্টণের মাত্রা কমেছে।



এয়ার মনিটরিং স্টেশন

এখনও অনেক কাজ করা বাকি থাকলেও, গত 20 বছরে ডেট্রয়েট এলাকার বায়ু দৃষ্টকগুলির ঘনত্ব কমেছে।

প্রবণতা:

2000 সাল থেকে, মূলত যে প্রবণতাগুলি দেখতে পাওয়া গেছে:

- সালফার ডাইঅ্যাইড, সীসা, নাইট্রোজেন ডাইঅক্সাইড ও কার্বন মনোক্সাইডের মাত্রা 50% এর বেশি কমেছে।
- সূক্ষ্ম কণার ঘনত্ব 30% এর বেশি কমেছে, কিন্তু 2023 সালে দাবানলের ধোঁয়া ডেট্রয়েট অঞ্চলে এই ঘনত্বকে প্রভাবিত করেছে।
- 2023 ওজোন ডেটার উপরেও দাবানলের ধোঁয়ার প্রভাব পড়েছে, 2000 থেকে 2023 সালের মধ্যে ওজোন ঘনত্ব 17 পার্টস পার বিলিয়ন কমেছে।
- সময়ের সাথে সাথে বাতাসের বিষাক্ত পদার্থের গড় ঘনত্ব কমতে দেখা গেছে এবং বর্তমানে ক্যানসারের ঝুঁকি ও ক্যানসার ছাড়া অন্যান্য শারীরিক সমস্যা তৈরি করতে পারা মাত্রার নীচে রয়েছে।



উপসংহার:

যদিও আগের তুলনায় যথেষ্ট উন্নতি ঘটেছে, EPA ও EGLE স্বীকার করেছে যে এখনও অনেক কাজ করা বাকি আছে। মানব স্বাস্থ্য ও পরিবেশ রক্ষা করার লক্ষ্যকে অনুসরণ করে, আমাদের এজেন্সি বাতাসের মান উন্নত করার জন্য কমিউনিটি পার্টনারদের সাথে কাজ করা চালিয়ে যাবে।

আরও তথ্য:

সম্পূর্ণ রিপোর্টটি দেখতে, যান:

EPA.gov/mi/epa-work-detroit-and-downriver-communities-mi-air



মিশিগানের বায়ু পর্যবেক্ষণ তথ্য:

Michigan.gov/EGLE/about/organization/air-quality/air-monitoring

যোগাযোগ:

EPA: Camden Ogletree, ogletree.camden@epa.gov; Eric Tidquist, tidquist.eric@epa.gov

EGLE: Susan Kilmer, KilmerS@Michigan.gov